দৈনিক খবর

17

তারিখ 07 AUG 1989
পৃষ্ঠা 1 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান
ডকুমেন্টেশন কেন্দ্র

# ছাত্রদের জ্ঞানার্জনে নিষ্ঠাবান হতে হবে

## — ফার্স্ট লেডি

টাঙ্গাইল, ৬ই আগস্ট (বাসস)।– ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ আজ জ্ঞানার্জনে নিষ্ঠাবান এবং জাতির ভবিষ্যতে দায়িত্ব কাঁধে নেয়ার লক্ষ্যে নিজেদেরকে সক্ষম করে গড়ে তোলার

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

খবর ৮

# ছাত্রদের জ্ঞানার্জনে নিষ্ঠাবান

প্রথম পৃষ্ঠার পর

জন্য ছাত্রদের প্রতি আহবান জানান।

বেগম রওশন এরশাদ এখানে করটিয়া সাদত বিশ্ববিদ্যালয় কলেজ মাঠে এক বিশাল সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, ছাত্রদের রাজনীতির সাথে জড়িত হয়ে মূল্যবান সময় নষ্ট করা উচিৎ নয়। বরং নিজেদেরকে ভবিষ্যতের যোগ্য নেতা হিসেবে গড়ে তোলার জন্য লেখাপড়ার পেছনে সময় ব্যয় করা উচিৎ।

অধ্যক্ষ মোহাম্মদ আসাদুজ্জামানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন স্বরাষ্ট্রমন্ত্রী মাহমুদুল হাসান, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, সংস্কৃতিক প্রতিমন্ত্রী নূর মোহাম্মদ খান, জেলা পরিষদ চেয়ারম্যান ওয়াজেদ আলী খান পন্নী, কলেজ ছাত্র সংসদের ভিপি আদনান আখতার এবং স্থানীয় সংসদ সদস্য মোর্শেদ আলী খান পন্নী।

ফার্স্ট লেডী এখানে এসে পৌঁছলে হাজার হাজার নারী–পুরুষ তাঁকে প্রাণঢালা অভিনন্দন জানান এবং বিপুলসংখ্যক জনগণ রাস্তার দু'ধারে সারিবদ্ধভাবে দণ্ডায়মান থাকে।

বেগম এরশাদ কলেজ প্রাঙ্গণে তার নাম অনুসারে ছাত্রীদের জন্য একটি আবাসিক হল উদ্বোধন করেন। তিনি হলের বিভিন্ন কক্ষ ঘুরে দেখেন এবং ছাত্রীদের সঙ্গে কথা বলেন।

বেগম এরশাদ ছাত্রদের অবসর সময় জনগণের বৃহত্তর কল্যাণের জন্য সামাজিক ও মানবতার সেবায় ব্যয় করার আহবান জানান। দেশেরযোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ছাত্রদের সঠিক পথনির্দেশ করা তাদের করণীয় বলে শিক্ষকদেরকে ফার্স্ট লেডী স্মরণ করিয়েদেন।

তিনি বলেন, সরকার ১৩শ' ৭০ কোটি টাকা শিক্ষাখাতে বরাদ্দ করেছেন। সেটা হচ্ছে বর্তমান বাজেটের বৃহত্তম বরাদ্দ। তিনি ঘোষণা করেন যে, সরকার এ কলেজের জন্য একটি পাঠাগার, আবাসিক হল এবং গ্যাস সংযোগ ও সড়ক নির্মাণকাজে ৫০ লাখ টাকা ব্যয় করবে।

বেগম এরশাদ নারী শিক্ষার জন্য কাজ করা, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং দুঃস্থদের সেবায় এগিয়ে আসার জন্য সকলের প্রতি আহবানজানান।

পরে বেগম এরশাদকে সন্তোষে আরো একটি সম্বর্ধনা দেয়া হয়। সেখানে হাজার হাজার স্কুল ছাত্র–ছাত্রী তাঁর প্রতি ফুলের পাঁপড়ি ছিটায়।

সেখানে এক বিশাল সমাবেশে ফার্স্ট লেডি নারী ও পুরুষের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে অর্থনৈতিক মুক্তির জন্য সকলের প্রতি কাজ চালিয়ে যাওয়ার আহবান জানান।

এ সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্বরাষ্ট্রমন্ত্রী মাহমুদুল হাসান, মিসেস হোসনে আরা হাসান এবং স্থানীয় পৌর সভার চেয়ারম্যান শামসুল হক তালুকদার।

মওলানা ভাসানীর প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করে ফার্স্ট লেডী বলেন, মানবতার জন্যে আত্মত্যাগের চেতনা নিয়ে মওলানা ভাসানীর অসমাপ্ত কাজ জাতিকে সম্পন্ন করতে হবে।

ফার্স্ট লেডি সেখানে টাঙ্গাইল শাড়ীর একটি প্রদর্শনীর উদ্বোধন করেন এবং প্রদর্শিত শাড়ী দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন।